# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৭৫

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - জাহান্নাম ও জাহান্নামীদের বর্ণনা

## اَلْفصْلُ الثَّنِفْ (بَاب صفةالنار وَأَهْلهَا)

---

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ غِلَظَ جِلْدِ الْكَافِرِ اثْنَانِ وَأَرْبَعُونَ ذِرَاعًا وَإِنَّ ضِرْسَهُ مِثْلُ أُحُدٍ وَإِنَّ مَجْلِسَهُ مِنْ جَهَنَّمَ مَا بَيْنَ مَكَّةَ وَالْمَدِينَةِ» . رَوَاهُ التِّرْمِذِيّ

سنده ضعيف ، رواه الترمذى (2577 وقال : حسن غريب صحيح) * الاعمش مدلس و عنعن و للحديث شواهد عند احمد (3 / 328 ، 334) وغيره دون قوله :" مكة و المدينة " و هذه اللفظه منكرة و الحديث السابق (5674) يغنى عنه

বাংলা

৫৬৭৫-[১১] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: জাহান্নামের মধ্যে কাফিরের দেহের চামড়া হবে বিয়াল্লিশ হাত মোটা, দাঁত হবে উহুদ পাহাড়ের সমান এবং জাহান্নামে তার বসার স্থান হবে মক্কাহ্-মদীনার মধ্যবর্তী দূরত্ব সমান পরিমাণ। (তিরমিযী)

ফুটনোট

সহীহ: তিরমিযী ২৫৭৭, সিলসিলাতুস সহীহাহ ১১০৫, সহীহুল জামি' ২১১৪, সহীহ আত তারগীব ওয়াত তারহীব ৩৬৮২, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩৪১৫৫, আল মুসতাদরাক লিল হাকিম ৮৭৬০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আল জামি গ্রন্থের শব্দ হচ্ছে, (اثْنَانِ وَأَرْبَعُونَ ذِرَاعًا بِذِرَاعِ الْجَبَّارِ) অর্থাৎ বিয়াল্লিশ গজ হবে জাববার-এর

হাতে। কামূস-এর মধ্যে বলা হয়েছে যে, (ذِرَاع) হলো কনুই থেকে মধ্যম অঙ্গুলির মাথা পর্যন্ত। (মিরকাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়াযী হা. ২৫৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85651

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন